

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৬৩
আগরতলা, ৬ নভেম্বর, ২০২৩

শ্রীলক্ষ্মী নরসীমা স্বামী মন্দির পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ তাঁর পরিবারের সদস্যদের নিয়ে তেলেঙ্গানার ইয়াদাদ্রি ভুবনগিরি জেলার শ্রীলক্ষ্মী নরসীমা স্বামী মন্দির পরিদর্শন করেন। মন্দিরের চিরাচরিত ঐতিহ্য অনুযায়ী পুরোহিত ও আধিকারিকগণ পূর্ণ কুম্ভ দিয়ে ত্রিপুরার রাজ্যপালকে স্বাগত জানান। মন্দিরের পুরোহিতগণ রাজ্যপালের পরিবারের সদস্যদের বৈদিক আশীর্বাদ প্রদান করেন। মন্দিরের ইও গীথা রাজ্যপালের হাতে ত্রিখা প্রসাদাম তুলে দেন। উল্লেখ্য, ত্রিপুরার রাজ্যপাল হওয়ার পর এই প্রথম ইন্দ্রসেনা রেড্ডি নাথু তার পরিবারের সদস্যদের নিয়ে শ্রীলক্ষ্মী নরসীমা স্বামী মন্দিরে গেলেন। রাজভবন থেকে এ সংবাদ জানানো হয়েছে।
